

Community Service Society (কমিউনিটি সার্ভিস সোসাইটি)

HIPAA গোপনীয়তার নীতি বিষয়ক বিজ্ঞপ্তি

এই বিজ্ঞপ্তিতে বিবৃত করা হবে আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলীর ব্যবহার ও প্রকাশ কীভাবে করা হতে পারে এবং আপনি কীভাবে এই সব তথ্যে প্রবেশাধিকার পেতে পারেন। অনুগ্রহ করে এটিকে সতর্কতার সাথে পর্যালোচনা করুন।

Community Service Society (CSS) (কমিউনিটি সার্ভিস সোসাইটি) হল একটি অ-লাভজনক সংস্থা যারা গ্রাহকদের স্বাস্থ্যবীমা পাওয়া ও তাকে কাজে লাগানোর ব্যাপারে সাহায্যের জন্য একাধিক স্বাস্থ্য বিষয়ক উদ্যোগ পরিচালনা করে থাকে। আপনি এই বিজ্ঞপ্তিটি পাচ্ছেন কারণ আপনি CSS-এর নিম্নোক্ত স্বাস্থ্য বিষয়ক উদ্যোগগুলির যেকোনো একটির তরফে সহায়তা লাভ করেছেন:

- **Community Health Advocates (CHA) (কমিউনিটি হেল্থ অ্যাডভোকেটস)** – নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য বীমা পাওয়া, চালিয়ে যাওয়া এবং তার ব্যবহার করার ব্যাপারে এবং কম খরচে স্বাস্থ্য পরিচর্যা পরিষেবাগুলি নেবার ব্যাপারে সহায়তাকারী রাজ্যব্যাপী একটি বিনামূল্যের গ্রাহক সহায়তা কার্যক্রম।
- **CSS Navigator Network (CNN) (CSS নেভিগেটর নেটওয়ার্ক)** – একটি রাজ্যব্যাপী “নেভিগেটর” নেটওয়ার্ক যা নিউ ইয়র্কবাসীদের এবং ছোট ছোট ব্যবসায়িক বিপনীগুলিকে NY রাজ্যের স্বাস্থ্য দপ্তরের মাধ্যমে, যেটি সরকারি স্বাস্থ্যপ্রকল্প বাজার, স্বাস্থ্যবীমার আওতায় আনতে এবং তাতে নিবন্ধীভুক্ত হতে সাহায্য করে।
- **Facilitated Enrollment for the Aged, Blind and Disabled (FE-ABD) (ফেসিলিটেটেড এনরোলমেন্ট ফর দ্য এজড, ব্লাইন্ড অ্যান্ড ডিজএবলড)** – প্রবীণ, অন্ধ বা অক্ষম ব্যক্তিদের জন্য সরকারি স্বাস্থ্যবীমার আবেদনে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক রাজ্য প্রযোজিত একটি কর্মসূচি।
- **Harlem Health Advocacy Partners (HHAP) (হার্লেম হেল্থ অ্যাডভোকেসি পার্টনার্স)** – CSS হেল্থ অ্যাডভোকেটস-সহ জনসমাজের স্বাস্থ্যকর্মীদের সঙ্গে যৌথভাবে পূর্ব ও মধ্য হার্লেমের নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (NYCHA)-র বাসিন্দাদের মধ্যে দুরারোগ্য ব্যধিজনিত অসমতা দূর করতে এবং তাঁদের দীর্ঘমেয়াদি স্বাস্থ্যের ও জীবনের মানোন্নয়নে সাহায্য করে।
- **Independent Consumer Advocacy Network (ICAN) (ইন্ডিপেন্ডেন্ট কনজিউমার অ্যাডভোকেসি নেটওয়ার্ক)** – Medicaid দ্বারা পরিচালিত প্রকল্পে রয়েছেন এমন লোকদের জন্য নিউ ইয়র্কের ওয়াডস-কর্মসূচি যাঁদের MLTC, FIDA, এবং HARP সহ দীর্ঘমেয়াদি বিভিন্ন পরিচর্যা বা আচরণগত স্বাস্থ্য সেবার প্রয়োজন রয়েছে।

এই বিজ্ঞপ্তির ব্যাপারে আপনার যদি কোন প্রশ্ন থাকে, তাহলে দয়া করে গোপনীয়তা কর্মকর্তা Ayisha Gelin, Privacy Officer (ডায়ান কে. স্পাইসার-এর সঙ্গে যোগাযোগ করুন)।

আপনার অধিকারসমূহ

আপনার অধিকার আছে:

- আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী ও নিবন্ধন সংক্রান্ত নথিগুলির অনুসন্ধান করার ও তার প্রতিলিপি পাবার
- আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী ও নিবন্ধন সংক্রান্ত নথিগুলি সংশোধন করার
- গোপন যোগাযোগের অনুরোধ করার
- আমরা যেসব তথ্য শেয়ার করি সেগুলিকে সীমিত করতে বলার
- যাদের সঙ্গে আমরা আপনার তথ্যগুলি শেয়ার করেছি তার একটি তালিকা পাবার
- এই গোপনীয়তার বিস্তৃতিটির একটি প্রতিলিপি পাবার
- আপনার পক্ষে কাজ করার জন্য কাউকে বেছে নিব
- যদি আপনার যদি মনে হয় যে, আপনার গোপনীয়তা বিষয়ক অধিকারগুলি লঙ্ঘিত হয়েছে সে ক্ষেত্রে একটি অভিযোগ দায়ের করার

আপনার পছন্দসমূহ

আমরা কিভাবে তথ্যগুলিকে ব্যবহার ও শেয়ার করবো সে ব্যাপারে আপনার কিছু পছন্দ থাকবে যেহেতু আমরা:

- আমরা আপনার পরিবারের ও বন্ধুদের করা বীমা সংক্রান্ত প্রশ্নগুলির উত্তর দিই
- দুর্যোগে ত্রাণ প্রদান করে থাকি
- আমাদের পরিষেবাগুলি বিপণন করি

আমাদের ব্যবহার ও প্রকাশসমূহ

আমরা আপনার তথ্যগুলি ব্যবহার ও শেয়ার করতে পারি যেহেতু আমরা:

- আপনার স্বাস্থ্য পরিচর্যাগত চিকিত্সা ব্যবস্থাপনা করতে সাহায্য করি
- আমাদের প্রতিষ্ঠান চালাই
- আপনার স্বাস্থ্য পরিকল্পনা নিয়ন্ত্রিত করি
- জনস্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলিতে সাহায্য করি
- উপাত্ত সংগ্রহের কাজ করি
- আইন মেনে চলি
- HIPAA-র ব্যবসায়িক সহযোগীদের কাছে আইন মোতাবেকভাবে তথ্য প্রকাশ করি
- আইন প্রয়োগকারী সংস্থা তথা অন্যান্য সরকারি অনুরোধগুলি রক্ষা করে থাকি
- মামলা ও আইনি পদক্ষেপে সাড়া দিয়ে

আপনার অধিকারসমূহ

আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের ব্যাপারে আপনার নির্দিষ্ট কিছু অধিকার রয়েছে। স্বাস্থ্য সংক্রান্ত তথ্য মানে হল সেই ধরনের তথ্য যা আমাদের কাছে সংরক্ষিত আপনার ফাইলে থাকে, যেসব তথ্য আপনি, আপনার সেবা প্রদানকারী আমাদেরকে দিয়েছেন এবং/অথবা আপনার স্বাস্থ্য পরিকল্পনা-কর্তৃক আমাদেরকে প্রদান করা হয়েছে। এই বিভাগে

আপনার অধিকারগুলি সম্পর্কে এবং আপনাকে সাহায্যের ব্যাপারে আমাদের দায়িত্ব-কর্তব্যগুলি সম্পর্কে ব্যাখ্যা দেওয়া হয়েছে।

আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী ও নিবন্ধন সংক্রান্ত নথিগুলির অনুসন্ধান করুন এবং তার প্রতিলিপি নিন

- আপনি আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী ও নিবন্ধন সংক্রান্ত নথিগুলি দেখতে বা সেগুলির প্রতিলিপি চাইতে পারেন। কিভাবে তা করবেন সে ব্যাপারে আমাদের জিজ্ঞাসা করুন।
- আপনার অনুরোধের তারিখ থেকে পরবর্তী 30 দিনের মধ্যে আমরা আপনাকে আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী এবং নিবন্ধন সংক্রান্ত নথিগুলির প্রতিলিপি বা সারাংশ প্রদান করব। আমরা এর জন্য যৌক্তিক, ব্যয়-ভিত্তিক মূল্য ধার্য করতে পারি।

আমাদেরকে স্বাস্থ্য এবং দাবি সংক্রান্ত নথিগুলি সংশোধন করতে বলুন

- আপনার যদি মনে হয় যে, আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী ও নিবন্ধন সংক্রান্ত নথিগুলি ভুল বা অসম্পূর্ণ রয়েছে, তাহলে আপনি সেগুলি সংশোধনের জন্য আমাদের বলতে পারেন। কিভাবে তা করবেন সে ব্যাপারে আমাদের জিজ্ঞাসা করুন।
- আমরা আপনার অনুরোধ “নাকচ” করে দিতে পারি, তবে তা কেন করা হল সে ব্যাপারে আপনাকে 60 দিনের মধ্যে লিখিত আকারে জানিয়ে দেব।

গোপনে যোগাযোগ করার অনুরোধ করুন

- আপনি আমাদেরকে নির্দিষ্ট উপায়ে (উদাহরণস্বরূপ, বাড়ির বা অফিসের ফোনে) যোগাযোগ করতে বা আলাদা কোন ঠিকানায় চিঠি পাঠাতে বলতে পারেন
- আমরা ন্যায়সঙ্গত সমস্ত অনুরোধগুলি বিবেচনা করব, এবং অবশ্য “হ্যাঁ” বলব যদি আপনি আমাদের বলেন যে, তা না করা হলে আপনি বিপদে পড়তে পারেন।

আমরা যা যা ব্যবহার বা বিনিময় করবো তা সীমিত করার জন্য আমাদের বলুন

- আপনি নির্দিষ্ট কিছু স্বাস্থ্য সংক্রান্ত তথ্য চিকিত্সা, অর্থপ্রদান বা আমাদের পরিচালনা বিষয়ক কাজের জন্য ব্যবহার বা আদানপ্রদান না করার জন্য আমাদের বলতে পারেন। আমরা তা বিবেচনা করে দেখব, তবে এটি জরুরি নয় যে আমাদের তা মেনে নিতেই হবে।

যাদের সঙ্গে আমরা তথ্যগুলি শেয়ার করেছি তার একটি তালিকা নিন

- আপনি যেদিন আমাদের কাছে চাইবেন তার থেকে ছয় বছর আগে যাদের সঙ্গে আমরা আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী শেয়ার করেছি তার সংখ্যার একটি তালিকা (হিসেবে) চাইতে পারেন, কাদের সঙ্গে শেয়ার করেছি, কেন করেছি ইত্যাদির উল্লেখসহ।
- আমরা আপনার চিকিত্সা, অর্থপ্রদান এবং স্বাস্থ্য পরিচর্যা পরিচালনা সংক্রান্ত তথ্যগুলি এবং অন্যান্য নির্দিষ্ট কিছু প্রকাশ ব্যতীত (যেমন আপনার চাওয়া অন্যান্য যেকোনো তথ্য) সমস্ত প্রকাশের তথ্যগুলি অন্তর্ভুক্ত করব। বছরে একটি এইরকম তালিকা আমরা আপনাকে বিনামূল্যে দেব কিন্তু 12 মাসের মধ্যে যদি আপনি আরও একটি তালিকা চান তাহলে আমরা তার জন্য যৌক্তিক, ব্যয়-ভিত্তিক মূল্য ধার্য করব।

এই গোপনীয়তার বিজ্ঞপ্তিটির একটি প্রতিলিপি পাবার

আপনি যেকোনো সময়ে এই বিজ্ঞপ্তিটির কাগজ প্রতিলিপি চাইতে পারেন, এমনকি বিজ্ঞপ্তিটির ইলেকট্রনিক কপি পাবার ব্যাপারে অনুমতি দিয়ে থাকলেও। আমরা সঙ্গে সঙ্গে আপনাকে একটি মুদ্রিত প্রতিলিপি প্রদান করব।

আপনার পক্ষে কাজ করার জন্য কাউকে বেছে নিন

- আপনি যদি কোন ব্যক্তিকে চিকিত্সাজনিত মোক্তারনামা দিয়ে থাকেন বা কোন ব্যক্তি যদি আপনার আইনি অভিভাবক হিসেবে কাজ করেন, তাহলে সেই ব্যক্তি আপনার তরফে আপনার অধিকারগুলি প্রয়োগ করতে পারেন এবং আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যগুলির ব্যাপারে পছন্দ ব্যক্ত করতে পারেন।
- আমরা কোন পদক্ষেপ গ্রহণ করার আগে নিশ্চিত করে নেব যে উক্ত ব্যক্তির সেই অধিকার রয়েছে এবং তিনি আপনার পক্ষে কাজ করতে পারেন।

আপনি যদি মনে করেন যে আপনার অধিকারগুলি খর্ব করা হচ্ছে তাহলে একটি অভিযোগ দায়ের করুন

- আপনি যদি মনে করেন যে, আমরা আপনার অধিকারগুলি খর্ব করছি তাহলে আপনি আমাদের সে ব্যাপারে অভিযোগ জানাতে পারেন।
- আপনি (212) 614-5406 নম্বরে কল করে Ayisha Gelin (ডায়ন কে. স্পাইসার), CHA Privacy Officer (CHA গোপনীয়তা আধিকারিকের সঙ্গে) যোগাযোগ করে অথবা 633 3য় এভিনিউ, 9ম তল, নিউ ইয়র্ক, NY, 10017 ঠিকানায় CHA Privacy Officer (CHA গোপনীয়তা আধিকারিকের সঙ্গে) একটি পত্র পাঠিয়ে আমাদের দপ্তরে আপনার অভিযোগ দায়ের করতে পারেন। এছাড়াও আপনি U.S. স্বাস্থ্যদপ্তর তথা মানবসেবা বিভাগকে 1-877-696-6775 নম্বরে কল করে অথবা www.hhs.gov/ocr/privacy/hipaa/complaints-এ গিয়ে আপনার অভিযোগের ব্যাপারে জানাতে পারেন।
- অভিযোগ দায়ের করার কারণে আমরা আপনার বিরুদ্ধে কোন প্রতিহিংসামূলক আচরণ করব না।

আপনার পছন্দসমূহ

নির্দিষ্ট কিছু স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের ক্ষেত্রে, আমরা কী কী আদানপ্রদান করব সে ব্যাপারে আপনি আপনার পছন্দ আমাদেরকে জানাতে পারেন। আমরা আপনার তথ্যগুলি কিভাবে আদানপ্রদান করবো সে ব্যাপারে নিম্নবর্ণিত পরিস্থিতিতে আপনার যদি স্পষ্ট কোন পছন্দ থেকে থাকে, তাহলে আমাদেরকে জানান। আপনি আমাদের কি করতে হবে তা বলুন এবং আমরা আপনার নির্দেশনা মেনে কাজ করবো।

এগুলির ক্ষেত্রে, আপনার আমাদেরকে যেগুলি বলার সুযোগ ও অধিকার দুই-ই আছে সেগুলি হল:

- আপনার পরিবারের লোকজন, নিটক বন্ধুবান্ধব বা আপনার পরিচর্যার জন্য প্রদানের সঙ্গে যুক্ত ব্যক্তির সঙ্গে তথ্য আদানপ্রদান করতে বলা
- দুর্যোগ-জনিত পরিস্থিতিতে তথ্য শেয়ার করতে বলা

আপনি যদি আমাদেরকে আপনার পছন্দগুলি জানাতে সক্ষম না হন, তাহলে আমরা যদি মনে করে আপনার স্বার্থের ক্ষেত্রে সর্বোত্তম হবে তা হলে আমরা সেগুলি শেয়ার করতে পারি।

নিম্নোক্ত ক্ষেত্রে আমরা আপনার অনুমতি ব্যতিরেকে কখনই আপনার তথ্য শেয়ার করব না:

- বিপণনের উদ্দেশ্যে

আমাদের ব্যবহার ও প্রকাশসমূহ

আমরা সাধারণ আপনার তথ্যগুলি কীভাবে ব্যবহার বা শেয়ার করে থাকি?

আমরা সাধারণত নিম্নোক্ত পদ্ধতিতে আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যগুলি ব্যবহার বা আদানপ্রদান করে থাকি।

আপনি যে স্বাস্থ্য পরিচর্যাজনিত চিকিত্সা বা চিকিত্সা-সম্পর্কিত পরিষেবাগুলি পান সেগুলি নিয়ন্ত্রণে আপনাকে সাহায্য করে

আমরা আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ব্যবহার করতে পারি এবং আপনার চিকিত্সাকারী পেশাদারদের সঙ্গে তা আদানপ্রদান করতে পারি।

উদাহরণ: আমরা আপনার চিকিত্সা পরিচর্যার সঙ্গে যুক্ত সেই সমস্ত চিকিত্সক বা আমাদের দপ্তর বহির্ভূত লোকজন-সহ অন্যান্য কর্মীদের নিকট আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যগুলি প্রকাশ করব কারণ আপনাকে চিকিত্সা সেবা প্রদানে এসব তথ্য তাদের প্রয়োজন।

যারা আমাদের প্রতিষ্ঠানটি চালান এবং আপনার স্বাস্থ্য পরিকল্পনাটি বাস্তবায়ন করেন

আমরা আমাদের প্রতিষ্ঠানটি চালানোর জন্য আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যগুলি প্রকাশ করতে পারি এবং যখন প্রয়োজন হবে এ ব্যাপারে আপনার সঙ্গে যোগাযোগ করতে পারি। এছাড়া আমরা আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যগুলি আপনার স্বাস্থ্য পরিকল্পনা প্রয়োজককে পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রকাশ করতে পারি। এসব ব্যবহার এই জন্য জরুরি যাতে আমাদের সকল গ্রাহক উচ্চমানের পরিষেবা পেতে পারেন এবং আমরা আমাদের দপ্তর পরিচালিত ও ব্যবস্থিত করতে পারি।

উদাহরণ: আপনার সঙ্গে সম্পর্ক আছে এমন অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে আমরা এই তথ্যগুলি জানাতে পারি (যেমন আপনার স্বাস্থ্য পরিকল্পনা) তাদের স্বাস্থ্য সেবা কার্যক্রম বাস্তবায়ন করার জন্য।

আপনার স্বাস্থ্য পরিষেবাগুলিতে অর্থপ্রদান করার জন্য

আমরা আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যগুলি ব্যবহার বা প্রকাশ করতে পারি যাতে করে অন্যেরা আপনাকে বিল পাঠাতে এবং আপনার থেকে অর্থ পেতে পারে, যেমন, একটি বীমা কোম্পানি বা এক তৃতীয় পক্ষ যারা আপনাকে চিকিত্সা এবং পরিষেবাসমূহ প্রদান করে।

উদাহরণ: আমরা আপনাকে একটি স্বাস্থ্য প্রকল্পে নিবন্ধীভুক্ত হতে সাহায্য করব যারা আপনার প্রদেয় মাসিক প্রিমিয়াম বাবদ আপনাকে বিল পাঠাবে।

আমরা আর কিভাবে আপনার তথ্যগুলি ব্যবহার বা শেয়ার করতে পারি?

আপনার তথ্যগুলির অন্য নানাভাবে আদানপ্রদান করার অনুমতি বা প্রয়োজন আমাদের আছে- সাধারণত সেভাবে যাতে সার্বজনীন মঙ্গল হয় যেমন জনস্বাস্থ্য ও উপাত্ত সংগ্রহের কাজ। এসব উদ্দেশ্যে আপনার তথ্যগুলি শেয়ারের করার আগে আমাদেরকে আইনগত শর্তাবলী পূরণ করতে হবে। আরও তথ্যের জন্য দেখুন:

www.hhs.gov/ocr/privacy/hipaa/understanding/consumers/index.html

জনস্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলিতে সাহায্য করি

আমরা নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী শেয়ার করতে পারি যেমন:

- রোগ প্রতিরোধের জন্য

- পণ্য প্রত্যাহারে সাহায্যের জন্য
- ওষুধের বিরূপ প্রতিক্রিয়া অবহিত করার জন্য
- সন্দেহজনক অপব্যবহার, অবজ্ঞা বা পারিবারিক সহিংসতার ব্যাপারে অবহিত করার জন্য
- কোন ব্যক্তির স্বাস্থ্য বা নিরাপত্তার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিপদ প্রতিরোধ বা হ্রাস করার জন্য

উপাত্ত সংগ্রহের কাজ করি

আমরা উপাত্ত সংগ্রহের কাজে আপনার তথ্যগুলির ব্যবহার বা শেয়ার করতে পারি।

আইন মেনে চলি

যদি, স্বাস্থ্যদপ্তর তথা মানবসেবা বিভাগ-সহ, রাজ্যের বা কেন্দ্রের আইনবলে তেমনটি আবশ্যিক হয়, তাহলে আমরা তাদের সঙ্গে আপনার তথ্যগুলি শেয়ার করব, যদি তারা দেখতে চান যে আমরা কেন্দ্রীয় গোপনীয়তা বিষয়ক আইনের অনুবর্তী হয়ে কাজ করছি কিনা।

HIPAA-র ব্যবসায়িক সহযোগীদের কাছে আইন মোতাবেক তথ্য প্রকাশ করা

আমরা সেই সমস্ত ব্যবসায়িক সহযোগীদের সঙ্গে আপনার তথ্যগুলি শেয়ার করতে পারি যারা নিবন্ধন ও/বা পরামর্শ সেবা প্রদান করে থাকে। আপনার মৌখিক বা লিখিত অনুমতিক্রমে, আমরা আমাদের ব্যবসায়িক সহযোগীদের উপরিউক্ত উদ্দেশ্যগুলি সাধনে আপনার যোগাযোগের তথ্যগুলি প্রদান করতে পারি।

আইন প্রয়োগকারী সংস্থা তথা অন্যান্য সরকারি অনুবোধগুলি রক্ষা করে থাকি

আমরা আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী বিনিময় করতে পারি:

- আইন বলবত্বকরণের উদ্দেশ্যে বা কোন আইন বলবত্বকারী কর্মকর্তার নিকট
- আইনসিদ্ধ কার্যক্রমের জন্য স্বাস্থ্যসেবা নজরদারি সংস্থাগুলির নিকট
- বিশেষ সরকারি কাজকর্মের জন্যে যেমন, সামরিক, জাতীয় নিরাপত্তা এবং রাষ্ট্রপতির নিরাপত্তা বিষয়ক পরিশেষাগুলির জন্য

মামলা ও আইনি পদক্ষেপে সাড়া দিয়ে

আমরা আদালত বা প্রশাসনিক আদেশ বা হুকুমনামার জবাবে আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যগুলি আদানপ্রদান করতে পারি।

আমাদের দায়িত্বকর্তব্যসমূহ

- আপনার সংরক্ষিত স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলীর গোপনীয়তা ও নিরাপত্তা রক্ষার বিষয়টি আমাদের জন্য আইনগতভাবে আবশ্যিক।
- আপনার তথ্যাবলীর গোপনীয়তা বা নিরাপত্তা বিপদগ্রস্ত হয়েছে এমন কোন ধরনের লঙ্ঘনের ঘটনা ঘটলে আমরা সঙ্গে সঙ্গে আপনাকে সে ব্যাপারে অবহিত করবো।
- এই বিজ্ঞপ্তিতে বর্ণিত কর্তব্য ও গোপনীয়তার নীতিগুলি আমরা অবশ্যই পালন করে চলবো এবং এর একটি প্রতিলিপি আপনাকে দিবো।

- এখানে যেভাবে বর্ণিত হয়েছে তার বাইরে আমরা আপনার তথ্যগুলি ব্যবহার বা শেয়ার করবো না যদি না আপনি সেটি করার ব্যাপারে লিখিত অনুমতি প্রদান করেন। আপনি আমাদের অনুমতি দিলে আমরা তা করতে পারি, তবে আপনি যেকোনো সময় আপনার মত পরিবর্তনও করতে পারেন। আপনি যদি আপনার মত পরিবর্তন করতে চান, তাহলে লিখিত আকারে আমাদেরকে তা জানান।

আরও তথ্যের জন্য দেখুন: www.hhs.gov/ocr/privacy/hipaa/understanding/consumers/noticepp.html

এই বিজ্ঞপ্তির শর্তাবলীর পরিবর্তন

এই বিজ্ঞপ্তির শর্তাবলী আমরা পরিবর্তন করতে পারি এবং এ জাতীয় পরিবর্তন আমাদের কাছে সংরক্ষিত আপনার সকল তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে। নতুন বিজ্ঞপ্তি অনুরোধক্রমে আমাদের ওয়েবসাইটে দেওয়া হবে, এবং আমরা এর একটি প্রতিলিপি আপনাকে ডাকযোগেও পাঠাব।

বিজ্ঞপ্তির ক্ষেত্রে অন্যান্য নির্দেশাবলী

- এই বিজ্ঞপ্তি 23 সেপ্টেম্বর, 2013 তারিখ থেকে কার্যকর হবে।
- CHA Privacy Officer (CHA গোপনীয়তা কর্মকর্তা হলেন) Ayisha Gelin (ডায়ন কে). স্পাইসার, যার সঙ্গে agelin@cssny.org-এই ইমেইলে, অথবা (212) 614-5406 নম্বরে যোগাযোগ করা যেতে পারে।
- CHA এবং CNN শুধু সেসব নথিই রাখে যেগুলি স্বাস্থ্য বা নিবন্ধন সংক্রান্ত তথ্যের সঙ্গে সম্পর্কযুক্ত।
- আমরা আপনার লিখিত অনুমতি ব্যতিরেকে মাদক সেবনের চিকিত্সা সংক্রান্ত কোন নথিপত্র বা HIV সংক্রান্ত কোন তথ্য কখনোই শেয়ার করব না।